

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১০৫৩

৮. পবিত্ৰতা অৰ্জন (كِتَابُ الطَّهَارَةِ)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি ধারণা করে যে, ওযূকারীর জন্য ফরয হলো দুই পা মাসেহ করা; ধৌত করা নয়-তার কথা অপনোদনকারী হাদীস

ذكر الخبر المدحض قول من زعم أن الْفَرْضَ عَلَى الْمُتَوَضِّعِ فِي وَضُوبِهِ الْمَسْحُ عَلَى الْمُتَوَضِّعِ فِي وَضُوبِهِ الْمَسْحُ عَلَى الرِّجلين دُونَ الْغُسْلِ

আরবী

1053 _ أَخْبُرَنَا الْفَضْلُ بْنُ الْحُبَابِ قَالَ: حَدَّثَنَا أَبُو الْوَلِيدِ الطَّيَالِسِيُّ قَالَ: حَدَّثَنَا زَائِدَةُ بْنُ قُدَامَةَ عَنْ خَالِد بْنِ عَلْقَمَةَ عَنْ عَبْدِ خَيْرٍ قال: صلى علي بن أبي طالب الْفَجْرَ ثُمَّ دَخَلَ الرَّحَبَةَ فَدَخَلْنَا مَعَهُ فَدَعَا بِوَضُوءٍ فَأَتَاهُ الْغُلَامُ بِإِنَاءٍ فِيهِ مَاءٌ وَطَسْتِ فَأَخَذَ الْإِنَاء بِيمِينِهِ فَأَفْرَغَ عَلَى يَسَارِهِ فَغَسَلَهَا ثَلَاثَ مَرَّاتٍ غَسَلَ كَفَيْهِ قَبْلَ أَنْ يُدْخِلَهُمَا الْإِنَاء ثُمَّ أَدْخَلَ يَدَهُ الْيُمْنَى فِي الْإِنَاءِ فَغَرَفَ مِنْهُ مَاءً فَمَلًا فَاهُ فَمَضْمَضَ وَاسْتَنْشَقَ ثَلَاتًا ثُمَّ أَدْخَلَ يَدَهُ الْيُمْنَى فِي الْإِنَاءِ فَغَرَفَ مِنْهُ مَاءً فَمَلًا فَاهُ فَمَضْمَضَ وَاسْتَنْشَقَ ثَلَاتًا ثُمَّ أَدْخَلَ يَدَهُ فِي الْإِنَاء فَعَسَلَ وَجْهَهُ ثَلاتًا وَدَرَاعَيْهِ ثَلَاتًا ثُمَّ مَسَحَ رَأْسَهُ بِيَدَيْهِ جَمِيعًا مُقَدَّمَهُ وَمُؤَى وَمُ الله وَمُوعَ وَلَا الله صلى الله على الله على الله على الله على وسلم فهذا وضوؤه.

الراوي: عَبْد اللَّهِ بْن عَمْرٍو المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1053 ا خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

১০৫৩. আবদে খাইর থেকে বর্ণিত, তিনি বলেন, "আলী রাদ্বিয়াল্লাহু আনহু আমাদের নিয়ে ফযরের সালাত আদায় করে তারপর আঙ্গিনায় প্রবেশ করেন, আমরাও তাঁর সাথে গেলাম। অতঃপর তিনি ওযূর পানি আনতে বললেন। তার গোলাম পানিভর্তি পাত্র নিয়ে আসলে তিনি পানি ডান হাতে গ্রহণ করলেন অতঃপর পানি বাম হাতের উপর



ঢাললেন এবং তিনবার হাত ধৌত করলেন, হাত পাত্রে ঢুকানোর আগে তিনি হাতের কবজি পর্যন্ত ধুয়ে নেন। তারপর তিনি ডান হাত পাত্রে ঢুকিয়ে দেন এবং এক অঞ্জুলি পানি নিয়ে তা মুখে দেন অতঃপর কুলি করেন এবং নাক ঝাড়েন তিনবার। তারপর তিনি আবার হাত পাত্রে ঢুকান অতঃপর মুখ ধৌত করেন তিনবার। তারপর দুই হাত দিয়ে মাথার সম্মুখভাগ, পশ্চাৎভাগ তথা পুরো মাথা মাসেহ করেন। তারপর আবার ডান হাত পাত্রে ঢুকান অতঃপর ডান পায়ের উপর পানি ঢেলে দেন, পা ধৌত করেন। তারপর আবার হাত পাত্রে ঢুকান অতঃপর হাত বের করেন এবং অপর পা ধৌত করেন। তারপর তিনি বলেন, "যে ব্যক্তি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ওয়ু দেখতে ভালবাসে, তার জেনে রাখা উচিৎ যে, এটাই হলো রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর ওয়ৃ।"[1]

ফুটনোট

[1] সুনান বাইহাকী: ১/৪৭; আবূ দাউদ: ১১২; নাসাঈ: ১/৬৭; সহীহ ইবনু খুয়াইমাহ: ১৪৭; বাগাবী, শারহুস সুনাহ: ২২২; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/৩৮; মুসনাদ আহমাদ: ১/১২২।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ১০০।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবদু খায়ের (রহঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন